

পূজায় মৌ খানের 'বান্ধব' -পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৫৬ ঃ মেহেরপুর-মঙ্গলবার ৩০ সেপ্টেম্বর ২০২৫ ইং ঃ ১৫ আশ্বিন ১৪৩২ বাংলা ঃ ৭ রবি,সানি ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com

## সেই লোগো সরিয়েছে জামায়াত

নিজস্ব প্রতিবেদক

শেষ পর্যন্ত সেই লোগো সরিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। রোববার (২৮ সেপ্টেম্বর) ঢাকায় নিযুক্ত স্পেনের রাষ্ট্রদূতের সঙ্গে বৈঠকে জামায়াত আমির ডা. শফিকুর রহমানের পেছনে রাখা দলীয় পতাকা এবং দেওয়ালে লাগানো নতুন একটি লোগো সামনে আসে। পরে সামাজিক যোগাযোগমাধ্যমে এ নিয়ে ব্যাপক আলোচনা-সমালোচনা শুরু হয়। বাংলাদেশ জামায়াতে ইসলামী গতকালের লাগানো সেই লোগো সরিয়ে নিয়েছে। সোমবার (২৯ সেপ্টেম্বর) জামায়াত আমিরের বসুন্ধরা কার্যালয়ে ভুটানের রাষ্ট্রদূত মিস দাশো কারমা হামু দর্জির সঙ্গে জামায়াত আমির ডা. শফিকুর রহমানের সৌজন্য সাক্ষাতে সেই লোগো আর দেখা যায়নি।

রোববার (২৮ সেপ্টেম্বর) স্পেনের রাষ্ট্রদূতের সঙ্গে জামায়াত আমিরের বৈঠকে দলটির নতুন লোগো দেখা যায়, ছবি: সংগৃহীত

যদিও গতকালের লোগোটি ভুলবশত প্রকাশিত হয়েছে বলে জানিয়েছেন জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল আব্দুল

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে অ্যানথ্রাক্সের ছায়া

### মানুষ ও পশুর জন্য একই ঝুঁকি

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে অ্যানথ্রাক্সের প্রকোপ প্রতিনিয়ত বাড়ছে। সামাজিক সচেতনতার অভাব, গবাদি পশুর ভ্যাকসিন কার্যক্রমে অনিয়ম ও প্রশাসনের সীমিত পদক্ষেপের কারণে রোগ নিয়ন্ত্রণের বাইরে চলে গেছে। অসুস্থ্য পশু জবাই এবং সংক্রামিত মাংস খাওয়ার ফলে মানুষও আক্রান্ত হচ্ছেন। স্থানীয়রা অভিযোগ করেছেন, প্রাণিসম্পদ ও স্বাস্থ্য বিভাগ যথাযথ পদক্ষেপ নিচ্ছে না। প্রাণিসম্পদ বিভাগ জনবল সংকটকে অজুহাত হিসেবে দেখাচ্ছে। জেলার স্বাস্থ্য বিভাগের তথ্য অনুযায়ী, আক্রান্ত রোগীর ৯৭ শতাংশই গাংনী উপজেলার। গাংনী উপজেলার কাজীপুর ও মোটমুড়া ইউনিয়নের গ্রামগুলোতে প্রায় প্রতিটি বাড়িতে অ্যানথ্রাক্সের প্রভাব পড়েছে। কাজীপুর গ্রামের আফাজউদ্দিন বলেন, "রোগাক্রান্ত গরুর মাংস নাড়াচাড়া করার ফলে আমার শরীরে ক্ষত সৃষ্টি হয়, পরে

২-এর পৃষ্ঠা দেখুন

## ধানখোলা ইউনিয়নে সার ডিলারদের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নে সার ডিলারদের বিরুদ্ধে অনিয়ম-দুর্নীতি, রাজনৈতিক প্রভাব খাটানো এবং কৃষকদের ন্যায্য প্রাপ্য সার থেকে বঞ্চিত করার অভিযোগ উঠেছে। এ নিয়ে ক্ষোভ প্রকাশ করে স্থানীয় কৃষকরা মানববন্ধন করেছেন। গতকাল সোমবার বিকেল সাড়ে ৪টার দিকে গাংনীর জুগিন্দা মোড়ে কৃষকদের উদ্যোগে সংবাদ সম্মেলন ও মানববন্ধন অনুষ্ঠিত হয়। এতে স্থানীয় কৃষক শহিদুল ইসলামসহ একাধিক কৃষক বক্তব্য রাখেন। এলাকাবাসীর পক্ষে লিখিত বক্তব্য পাঠ করেন নুর ইসলাম। লিখিত বক্তব্যে অভিযোগ করা হয়, বিসিআইসি ডিলার নিয়োগ নীতিমালা অনুযায়ী ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের ডিলারশিপ দেওয়ার নিয়ম থাকলেও ধানখোলা ইউনিয়নে দু'জন বাইরের ব্যক্তিকে ডিলারশিপ দেওয়া হয়েছে। তারা হলেন মেসার্স এন.আর. এন্টারপ্রাইজের মালিক এনামুল হক এবং মেসার্স কাদের স্টোরের মালিক মো. হারুন অর রশিদ। হারুন অর রশিদ মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল খালেকের ভাই। কৃষকদের অভিযোগ, এ দু'জনই ধানখোলা ইউনিয়নের স্থায়ী বাসিন্দা নন। ইউনিয়নে তাদের কোনো স্থায়ী ব্যবসা প্রতিষ্ঠান কিংবা সার সংরক্ষণের গুদাম নেই। ফলে স্থানীয় কৃষকরা প্রত্যাশিত সেবা থেকে বঞ্চিত হচ্ছেন। এ সময় বক্তারা আরো অভিযোগ করেন, এনামুল হক রাজনৈতিক পরিচয় ব্যবহার করে দীর্ঘদিন ডিলারশিপ ধরে রেখেছেন। গত ৫ আগস্টের পর স্থানীয়রা জানতে পারেন তিনি ধানখোলা ইউনিয়নের সার ডিলার। কৃষকরা সার নিতে গেলে তার খারাপ আচরণের শিকার হন। এমনকি বিএনপির স্থানীয় নেতারা বিষয়টি নিয়ে কথা বললে




২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে মহাসপ্তমীর পূজা উদযাপন

নিজস্ব প্রতিবেদক

সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব শারদীয় দুর্গোৎসবের মহাসপ্তমী ছিল গতকাল সোমবার। দুর্গোৎসবের দ্বিতীয় দিনে মেহেরপুর শহরের শ্রী শ্রী সিদ্ধেশ্বরী কালী মন্দির, নায়েবাড়ি রাধা মাধব

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে স্বামী স্ত্রীর কারাদন্ড

নিজস্ব প্রতিবেদক

বাবা ও মেয়েকে রক্তাক্ত জখম করার অভিযোগে স্বামী- স্ত্রীকে কারা দন্ড দিছে আদালত। গতকাল সোমবার দুপুরে মেহেরপুর চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ শাজাহান আলী এ রায় দেন। রায়ে আদালত স্বামী মোঃ ছাবের আলীকে ২ বছর কারাদণ্ড ও স্ত্রী মোছাঃ জরিনাকে ১ বছর কারাদণ্ড দিয়েছেন ।এসময় উভয়কে ৫ হাজার টাকা করে অর্থদণ্ডে দন্ডিত করে। এ অর্থ দন্ড অনাদায়ে উভয়ের আরো ১৫ দিনের কারাদণ্ডর আদেশ দেন আদালত। মামলার বিবরণে জানা যায়, আসামীরা ২৬ মার্চ ২০১৮ সালের সকাল ৯টায়

২-এর পৃষ্ঠা দেখুন




## গাংনীতে মহিলা দলের কর্মীসভা: নারী নেত্রীদের এগিয়ে আসার আহ্বান

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী ধানখোলা ইউনিয়নে জাতীয়তাবাদী মহিলা দলের কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার সকালে গাড়াডোব মাধ্যমিক বিদ্যালয় মাঠে ধানখোলা খ ইউনিটের ১ নম্বর ওয়ার্ডে বসা সভায় জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন প্রধান অতিথি ছিলেন। তিনি বলেন, "দেশ আজ গণতন্ত্রহীন অবস্থায়। বিএনপির

২-এর পৃষ্ঠা দেখুন

## চুয়াডাঙ্গায় হাজতির মৃত্যু

নিজস্ব প্রতিবেদক

চুয়াডাঙ্গা জেলা কারাগারের হাজতি মিলন হোসেন (৩৫) মারা গেছেন। গতকাল সোমবার ভোররাতে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। তিনি একটি মারামারি মামলার আসামি হিসেবে কারাগারে আবদ্ধ ছিলেন। রাত সাড়ে তিনটার দিকে তিনি স্ট্রোক করেন।

চুয়াডাঙ্গা জেলা কারাগারের জেলর মো. ফখরউদ্দিন জানান, চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার চিৎলা গ্রামের বিল্লাল হোসেনের ছেলে মিলন হোসেন গত ৪ সেপ্টেম্বর থেকে চুয়াডাঙ্গা জেলা কারাগারে আবদ্ধ ছিলেন। তিনি একটি মারামারি মামলার আসামি

২-এর পৃষ্ঠা দেখুন



## চেতনা বিক্রির অপশক্তির বিরুদ্ধে সজাগ থাকতে হবে- মাসুদ অরুণ

নিজস্ব প্রতিবেদক

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে মেহেরপুরে গণসংযোগ ও পথসভা করেছেন কেন্দ্রীয় বিএনপির নির্বাহী কমিটির সদস্য ও মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ। গতকাল সোমবার বিকেলে সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের শোলমারি গ্রামে অনুষ্ঠিত এ পথসভায় নেতাকর্মী অংশ নেন। পথসভায়

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে জামায়াতের গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের বেলতলা ও শ্যামপুর গ্রামে বাংলাদেশ জামায়াতে ইসলামী জেলা শাখার উদ্যোগে গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।গতকাল সোমবার বিকেলে গ্রাম বিভিন্ন সড়ক ও বাজার এলাকায় এ কর্মসূচি পালিত হয়। গণসংযোগে নেতৃত্ব দেন মেহেরপুর-১ আসনের জামায়াত প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। এ সময় উপস্থিত ছিলেন জেলা জামায়াতের নায়েবে আমির মাওলানা মাহবুব উল আলম, সদর উপজেলা আমির সোহেল

২-এর পৃষ্ঠা দেখুন

## গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের পুরস্কার বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন পরিষদের উদ্যোগে তারুণ্যের উৎসব উপলক্ষে অনুষ্ঠিত গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়েছে। সোমবার বিকেলে আশরাফপুর মাঠে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে চ্যাম্পিয়ন, রানারআপ, ম্যান অব দ্য ম্যাচ, ম্যান অব দ্য টুর্নামেন্ট ও সেরা গোলরক্ষককে পুরস্কৃত করা হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করেন সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুমাইয়া জাহান ঝুরকা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আমদহ ইউনিয়নের চেয়ারম্যান রওশন আলী

২-এর পৃষ্ঠা দেখুন




## স্বর্ণের বারসহ নারী পাচারকারী আটক

নিজস্ব প্রতিবেদক

চুয়াডাঙ্গার দর্শনা সীমান্তে ৩৫৪ গ্রাম ওজনের ৩টি স্বর্ণের বারসহ মোছা. আসমা (২৫) নামের এক নারী পাচারকারীকে আটক করেছে বিজিবি। আটক স্বর্ণের মূল্য ৫৮ লাখ ৫৮ হাজার ৭৫৬ টাকা বলে বিজিবি জানিয়েছে।গতকাল সোমবার দুপুর সাড়ে ১২টার দিকে ভারতে স্বর্ণ পাচারের সময় ওই নারীকে আটক করা হয়।এসময় তার কাছ থেকে একটি বাটন মোবাইল ফোন ও নগদ ১৮০ টাকা উদ্ধার করা হয়। চুয়াডাঙ্গা ৬ বিজিবি ব্যাটালিয়নের পরিচালক লে. কর্ণেল মো.

২-এর পৃষ্ঠা দেখুন

## জাতিসংঘে প্রধান উপদেষ্টার ভাষণ যথেষ্ট শক্তিশালী ছিল: মির্জা ফখরুল

সূর্যোদয় প্রতিবেদন

আগামী ফেব্রুয়ারিতে জাতীয় নির্বাচন আয়োজন নিয়ে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের দেওয়া ভাষণকে "যথেষ্ট শক্তিশালী" বলে মন্তব্য করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেছেন, ফেব্রুয়ারিতেই নির্বাচন অনুষ্ঠিত হবে বলে বিএনপি নিশ্চিত। গত শুক্রবার নিউইয়র্কে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে ভাষণ দেন প্রধান উপদেষ্টা ড. ইউনূস। এ সময় তাঁর সঙ্গে ছিলেন বিএনপি মহাসচিবসহ আরও দুটি দলের প্রতিনিধি। অধিবেশন শেষে নিউইয়র্কের গ্র্যান্ড হায়াত হোটেলে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে মির্জা ফখরুল এ মন্তব্য করেন। মির্জা ফখরুল বলেন, "প্রধান উপদেষ্টার ভাষণ নিঃসন্দেহে শক্তিশালী ছিল। সাম্প্রতিক সময়ে তিনি যেসব বিষয়ে জোর দিচ্ছেন, সেগুলো নিয়েই কথা বলেছেন। এতে সরকারের সংস্কার কর্মসূচি এবং জাতীয় ঐক্যের বিষয়টি স্পষ্টভাবে প্রতিফলিত হয়েছে।" তিনি আরও বলেন, "প্রধান উপদেষ্টা সেই উদ্দেশ্যের কথাই উল্লেখ করেছেন, যার ভিত্তিতে এই সরকার গঠিত হয়েছিল।

২-এর পৃষ্ঠা দেখুন

**মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ**

প্রোঃ মোঃ আলতাফ হোসেন

এখানে পাওয়া যায়
- ✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
- ✓ প্লাস্টিক সামগ্রী
- খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।

পরিবেশক
- কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
- আর এফ এল
- আকিজ সিরামিক

কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

অনুবাক্য
মামুনুর রশিদ মামুন
খবর {কবরস্থানের জায়গা দখলের অভিযোগ বিএনপি নেতার বিরুদ্ধে)

মরলে মানুষ দাফন করে
কবরে যাই নিয়ে
নিজে মরলে যাবে কোথায়
জায়গা হবে কি তার গোরে।
জমি জায়গা থাকবে পড়ে
থাকবে না কেউ ভবে
অর্থের পাহাড় গড়লে তুমি
সবকিছুই রবে পড়ে।
খোলস ছেড়ে হয়েছো তুমি
বড় দলের নেতা
কোথায় ছিলে ষোল বছর
জানতো না কেউ বাঁচা।
নেতাগিরী করোনা তুমি
কবরের মাটি নিয়ে
সেই মাটিতে একদিন তোমায়
আস্ত খাবে গিলে ।



## মেহেরপুরে বিএনপির গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নে জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। সোমবার বিকেলে এ কর্মসূচি হয়। গণসংযোগকালে তিনি স্থানীয় জনগণের হাতে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক

২-এর পৃষ্ঠা দেখুন

## প্রতিবেশী দেশের ইন্ধনে খাগড়াছড়িতে সহিংসতা স্বরাষ্ট্র উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

পূজাকে কেন্দ্র করে খাগড়াছড়িতে সহিংসতার চেষ্টা চালানো হচ্ছে বলে অভিযোগ করেছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী। তিনি দাবি করেন, প্রতিবেশী দেশের ইন্ধনেই এ পরিস্থিতি সৃষ্টি করার চেষ্টা করা হচ্ছে। সোমবার দুপুরে রাজধানীর পুরাতন রমনা থানা কমপ্লেক্সে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) পাঁচটি থানার প্রশাসনিক কাম-ব্যারাক ভবনের নির্মাণকাজের উদ্বোধন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ অভিযোগ

২-এর পৃষ্ঠা দেখুন



## ইসির পর্যবেক্ষক সংস্থার ঠিকানায় জঙ্গল, দোকান, বাড়িঘর

সূর্যোদয় প্রতিবেদন

নির্বাচন কমিশনের (ইসি) তালিকায় প্রাথমিকভাবে নিবন্ধনযোগ্য হিসেবে ঘোষিত বহু নির্বাচনী পর্যবেক্ষক সংস্থার ঠিকানায় গিয়ে দেখা গেছে, অধিকাংশই কাগুজে প্রতিষ্ঠান। কোথাও ভাঙাচোরা জীর্ণ ভবন,

২-এর পৃষ্ঠা দেখুন

সু- খবর সু- খবর সু- খবর

আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।

আমাদের কাছে পাচ্ছেন -
- অথেনটিক প্রোডাক্ট
- সেরা দাম
- নির্ভরযোগ্য সেবা

মোবাইল স্টেশন

তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।

আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক, মেহেরপুর

হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১

আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।

বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইলবিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ মঙ্গলবার ॥ ১৫ আশ্বিন ১৪৩২ বাংলা ॥ ৩০ সেপ্টেম্বর ২০২৫ইং

# খুলনা বিভাগে বিএনপির মনোনয়ন দৌড়ে আসতে পারে পরিবর্তন

সূর্যোদয় প্রতিবেদন



আগামী ফেব্রুয়ারিতে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন আয়োজনের ঘোষণার পর থেকেই দেশে নির্বাচনী হাওয়া বিরাজ করছে। নির্বাচন সামনে রেখে প্রার্থী বাছাই প্রক্রিয়ায় গতি এনেছে দেশের অন্যতম বৃহত্তম রাজনৈতিক দল বিএনপি। সেই লক্ষ্যে মনোনয়নপ্রত্যাশীদের সাক্ষাৎকার নেওয়া শুরু করেছে। একই সঙ্গে দীর্ঘদিনের আন্দোলন-সংগ্রামে অংশগ্রহণকারী মিত্র দলগুলোর সঙ্গে আসন ভাগাভাগি নিয়েও কাজ করছে তারা। বিএনপির শীর্ষস্থানীয় নেতারা জানিয়েছেন, অক্টোবরের মধ্যেই আসনভিত্তিক প্রাথমিক তালিকা চূড়ান্ত করবেন দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। পাশাপাশি মিত্র দলগুলোকেও সম্ভাব্য প্রার্থীদের তালিকা জমা দিতে বলা হয়েছে। দলীয় সূত্রে জানা গেছে সব বিভাগেই জেন-জি'কে গুরুত্ব দিয়ে করা হচ্ছে সম্ভাব্য প্রার্থী তালিকা। এবারের মনোনয়নে চমক হতে পারেন 'যোগ্য' তরুণরা। তরুন ভোটারদের বিবেচনা করে এবার বিএনপির মনোনয়নে খুলনা বিভাগে ব্যাপক পরিবর্তন আসতে পারে বলে নিশ্চিত করেছেন একাধিক সুত্র। এদিকে, ত্রয়োদশ জাতীয় নির্বাচনে 'ধানের শীষ' প্রতীক পেতে খুলনা বিভাগে ইতোমধ্যেই প্রচারণা শুরু করেছেন অনেক প্রার্থী। তবে একাধিক সুত্রে জানা গেছে সম্ভাব্য প্রার্থীদের মধ্যে খুলনা-১ আসনে নজরুল ইসলাম পাপুল, খুলনা-৩ আসনে রকিবুল ইসলাম বকুল, খুলনা-৪ আসনে আজিজুল বারী হেলাল এবং খুলনা-৬ আসনে সাংবাদিক আনোয়ার আলদীনের নাম জোরালো আলোচনায় রয়েছে। এছাড়া মেহেরপুর-১ আসনে অ্যাডঃ কামরুল হাসান, চুয়াডাঙ্গা-২ আসনে মাহমুদ হাসান খান, কুষ্টিয়া-১ আসনে শরীফ উদ্দিন জুয়েল, কুষ্টিয়া- ২ আসনে অধ্যাপক ড. সাইফুল ইসলাম, ঝিনাইদহ-২ আসনে ইব্রাহিম রহমান বাবু ও আসাদুজ্জামান আসাদ, ঝিনাইদহ-৩ আসনে আমিরুজ্জামান খান শিমুল, ঝিনাইদহ-৪ আসনে সাইফুল ইসলাম ফিরোজ, মাগুরা-১ আসনে আলী আহম্মেদ,

৩-এর পৃষ্ঠা দেখুন

## জীবন ধারা



# দাঁতের ইনফেকশন থেকে হতে পারে হৃদ্‌রোগ

সূর্যোদয় প্রতিবেদন

আধুনিক জীবনে সৌন্দর্যচর্চায় আমরা যতটা মনোযোগী, দাঁত ও মুখগহ্বরের যত্নে ততটা নই। অথচ দাঁতের অবহেলা কেবল ক্ষয় বা মাড়ির ব্যথায় সীমাবদ্ধ নয়, সরাসরি হৃদ্?রোগের ঝুঁকিও তৈরি করে। দাঁত নিয়মিত পরিষ্কার না করলে খাবারের কণা থেকে ডেন্টাল প্ল্যাক ও ক্যালকুলাস তৈরি হয়। এ থেকেই মাড়িতে প্রদাহ ও সংক্রমণ শুরু হয়। মুখগহ্বরের জীবাণু রক্তপ্রবাহে প্রবেশ করে হৃৎপিণ্ডে পৌঁছে সংক্রমণ ঘটাতে পারে, যা চিকিৎসাবিজ্ঞানে ইনফেকটিভ অ্যান্ডোকার্ডাইটিস নামে পরিচিত। এ রোগ অবহেলা করলে হার্টের ভাল্ব নষ্ট হয়ে হৃদ্?যন্ত্র বিকল বা মৃত্যুঝুঁকিও বাড়তে পারে। শুধু তাই নয়, দাঁতের ব্যাকটেরিয়া অনেক সময় রক্তনালিতে প্ল্যাক জমিয়ে রক্তপ্রবাহে বাধা সৃষ্টি করে। এতে উচ্চ রক্তচাপ, হার্ট অ্যাটাক ও স্ট্রোকের ঝুঁকি বেড়ে যায়, বিশেষ করে বয়স্কদের ক্ষেত্রে। সংক্রমণের লক্ষণগুলোর মধ্যে রয়েছে দীর্ঘস্থায়ী জ্বর, ক্লান্তি, দ্রুত হার্টবিট, শ্বাসকষ্ট ও বুকব্যথা। এসব উপসর্গ দেখা দিলে অবহেলা না করে দ্রুত চিকিৎসকের শরণাপন্ন হওয়া জরুরি। সাধারণত অ্যান্টিবায়োটিক

৩-এর পৃষ্ঠা দেখুন



# নির্বাচনে ১৫০ পর্যবেক্ষক পাঠাবে ইইউ

সূর্যোদয় প্রতিবেদন

আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) ১৫০ জন পর্যবেক্ষক পাঠানোর আগ্রহ প্রকাশ করেছে। এ লক্ষ্যে ইইউ, পররাষ্ট্র মন্ত্রণালয় ও নির্বাচন কমিশনের (ইসি) মধ্যে শিগগিরই একটি ত্রিপক্ষীয় সমঝোতা স্মারক স্বাক্ষরিত হবে। সোমবার রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে ইইউর প্রাক-নির্বাচনি বিশেষজ্ঞ দলের সঙ্গে বৈঠক শেষে ইসির সিনিয়র সচিব আখতার আহমেদ এ তথ্য জানান। এর আগে গত ২২ সেপ্টেম্বর ইইউর আট সদস্যের একটি প্রাক-নির্বাচনি পর্যবেক্ষক দল ইসির সঙ্গে বৈঠক করে। দলটির নেতৃত্বে ছিলেন জ্যেষ্ঠ নির্বাচন বিশেষজ্ঞ রিকার্ডো সেলেরি। পরবর্তীতে দলটি নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহর সঙ্গেও বৈঠক করে। ইসি সূত্র জানায়, ইইউ পর্যবেক্ষকরা

৩-এর পৃষ্ঠা দেখুন

# ওয়াজের মাঠে পি আর নিয়ে আলোচনা মেনে নেওয়া হবে না: তাহেরী

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশের বিভিন্ন স্থানে অনুষ্ঠিত ওয়াজ মাহফিলে সম্প্রতি রাজনৈতিক বিভাজন এবং পিআর পদ্ধতির আলোচনার কারণে উদ্বেগ প্রকাশ করেছেন সুন্নি আলেম ও পীর-মাশায়েখরা। বিশেষ করে মাওলানা মুফতি গিয়াস উদ্দিন তাহেরী এই বিষয়ে বিস্ফোরক মন্তব্য করেছেন। তাহেরী অভিযোগ করেন, কিছু দল এবং কিছু আলেম ওয়াজের মাঠকে ধান্দাবাজির জন্য ব্যবহার করছে। "তারা তাফসীরে ইন্ডিয়া, তাফসীরে পাকিস্তান, তাফসীরে আমেরিকা এবং তাফসীরে পিআর নিয়ে আলোচনা করছে। শুধুমাত্র ধান্দাবাজি করে ওয়াজের মাঠকে একটি সংঘাতের ক্ষেত্র বানানো হচ্ছে," তিনি বলেন। তিনি আরও উল্লেখ করেন, সম্প্রতি এক বিশেষ গোষ্ঠী মাজার ভাঙা, কবর থেকে মরদেহ তুলে

৩-এর পৃষ্ঠা দেখুন



# সাবেক বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ লাইফ সাপোর্টে

সূর্যোদয় প্রতিবেদন

আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য ও প্রবীণ রাজনীতিবিদ সাবেক বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ রাজধানীর স্কয়ার হাসপাতালে লাইফ সাপোর্টে রয়েছেন। তার শারীরিক অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে। রোববার (২৮ সেপ্টেম্বর) রাতে তোফায়েল আহমেদের পরিবারের একজন সদস্য গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করে বলেন, "ওনার শরীরটা ভালো না। উনি হাসপাতালে ভর্তি আছেন। ওনার জন্য সবাই দোয়া করবেন।" কয়েক বছর ধরে শারীরিক সমস্যায় ভুগছেন তোফায়েল আহমেদ। স্ট্রোকের কারণে তার শরীরের একাংশ প্যারালাইজড হয়ে গেছে। এ কারণে তিনি দীর্ঘদিন ধরেই হুইলচেয়ারে চলাফেরা করছেন। নিয়মিত চিকিৎসকের তত্ত্বাবধানে থাকলেও সম্প্রতি তার শারীরিক অবস্থার অবনতি ঘটে। তোফায়েল আহমেদ বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম ও মুক্তিযুদ্ধ-পরবর্তী রাজনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখা এক প্রবীণ রাজনীতিবিদ।

৩-এর পৃষ্ঠা দেখুন

# বিসিবির নির্বাচনে আসন ভাগাভাগিতে সমঝোতা, বিপাকে তামিম

সূর্যোদয় প্রতিবেদন

বিসিবির পরিচালনা পর্ষদের আসন ভাগাভাগি নিয়ে সরকার ও বিএনপি-সমর্থিত দুই পক্ষের মধ্যে সমঝোতার পথে এগোচ্ছে নির্বাচন। শুক্রবারের দুই দফা আলোচনার পর বোর্ড নির্বাচনের উত্তাপ কিছুটা কমেছে। জানা গেছে, ভবিষ্যৎ সভাপতি পদে বর্তমান বোর্ড সভাপতি আমিনুল ইসলামই একমাত্র প্রার্থী। ক্লাব ক্যাটাগরির নির্বাচন (ক্যাটাগরি-২) কেন্দ্র করে বিভেদ এবং বিএনপি নেতা-পুত্রদের অগ্রাধিকার দেওয়ায় ক্লাব সংগঠকদের মধ্যে চাপে পড়া দেখা দিয়েছে। মোট ১২টি পরিচালক পদের জন্য ৭৬ জন কাউন্সিলরের মধ্যে ৩২ জন মনোনয়নপত্র কেনেন। যদিও সালাহউদ্দিন চৌধুরী ও ইশরাক হোসেন মনোনয়ন জমা দেননি, বিএনপি সমর্থিত অন্যান্য প্রার্থীরা মনোনয়নপত্র জমা দিয়েছেন। জাতীয় দলের সাবেক অধিনায়ক

৩-এর পৃষ্ঠা দেখুন



# রোহিঙ্গা ও আশ্রয়দাতাদের সহায়তায় ৫৮.৬ মিলিয়ন ডলার দিচ্ছে এডিবি

সূর্যোদয় প্রতিবেদন

মিয়ানমার থেকে জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গা জনগোষ্ঠী এবং তাদের আশ্রয়দাতা কক্সবাজারের স্থানীয় জনগণের জন্য মৌলিক অবকাঠামো ও জরুরি সেবা নিশ্চিত করতে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি) ৫৮.৬ মিলিয়ন ডলারের এশিয়ান ডেভেলপমেন্ট ফান্ড (এডিএফ) অনুদান এবং ২৮.১ মিলিয়ন ডলারের স্বল্পসুদের ঋণ প্রদান করছে। সোমবার ঢাকায় অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) কার্যালয়ে অনুষ্ঠিত এক চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ইআরডি সচিব মো. শাহরিয়ার কাদের ছিদ্দিকী এবং এডিবির কান্ট্রি ডিরেক্টর হোয়ে ইউন জিয়ং বাংলাদেশ ও এডিবির পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন।

এডিবির কান্ট্রি ডিরেক্টর হোয়ে ইউন জিয়ং বলেন, "মিয়ানমারের বাস্তুচ্যুত জনগোষ্ঠী এবং তাদের আশ্রয়দাতা স্থানীয়দের স্থিতিশীলতা ও

৩-এর পৃষ্ঠা দেখুন



# পাকিস্তান-সৌদি প্রতিরক্ষা জোটে ইরানকেও যোগ দেওয়ার আহ্বান

সূর্যোদয় প্রতিবেদন

ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনির শীর্ষ সামরিক উপদেষ্টা মেজর জেনারেল ইয়াহিয়া রহিম সাফাভি সৌদি আরব ও পাকিস্তানের সাম্প্রতিক প্রতিরক্ষা চুক্তিকে স্বাগত জানিয়েছেন। একই সঙ্গে তিনি মত দিয়েছেন, ইরানেরও এ উদ্যোগে যোগ দেওয়া উচিত। শনিবার টেলিভিশনে প্রচারিত এক সাক্ষাৎকারে সাফাভি বলেন, রিয়াদ

৩-এর পৃষ্ঠা দেখুন

# রাহুল গান্ধীকে হত্যার হুমকি, কংগ্রেসের নিরাপত্তা জোরদারের দাবি

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের বিরোধীদলীয় নেতা রাহুল গান্ধীকে প্রকাশ্যে হত্যার হুমকি দেওয়ার ঘটনায় তীব্র প্রতিক্রিয়া জানিয়েছে কংগ্রেস। দলটি এ বিষয়ে জরুরি পদক্ষেপ নিতে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে চিঠি দিয়েছে। কংগ্রেসের সাধারণ সম্পাদক কেসি ভেনুগোপাল জানান, কেরালা বিজেপির মুখপাত্র পিন্টু মহাদেব এক টেলিভিশন বিতর্কে রাহুল গান্ধীকে লক্ষ্য করে বলেন, "তাকে বুকে গুলি করা হবে।" এই মন্তব্যকে কেন্দ্র করে কংগ্রেস নেতারা উদ্বেগ প্রকাশ করেন এবং অবিলম্বে অতিরিক্ত নিরাপত্তার

৩-এর পৃষ্ঠা দেখুন



# ফিলিস্তিনকে স্বীকৃতি না দেওয়ায় তোপের মুখে নিউজিল্যান্ড সরকার

সূর্যোদয় প্রতিবেদন

ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি না দেওয়ায় নিউজিল্যান্ড সরকার কঠোর সমালোচনার মুখে পড়েছে। বিরোধী দল, মানবাধিকার সংগঠন, ধর্মীয় নেতা থেকে শুরু করে দেশটির সাবেক প্রধানমন্ত্রী পর্যন্ত সরকারের এই সিদ্ধান্তের বিরুদ্ধে অবস্থান নিয়েছেন। তাদের দাবি,

৩-এর পৃষ্ঠা দেখুন

# মধ্যপ্রাচ্যে বিশেষ কিছুর ইঙ্গিত দিলেন ট্রাম্প

সূর্যোদয় প্রতিবেদন

ইসরায়েলি প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুর আসন্ন হোয়াইট হাউস সফরের প্রাক্কালে মধ্যপ্রাচ্য সংকট সমাধানে 'বিশেষ অগ্রগতির' ইঙ্গিত দিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি দাবি করেছেন, এবার সবাই প্রথমবারের মতো একটি বিষয়ে একমত হয়েছেন এবং সেটিই হতে যাচ্ছে অঞ্চলের জন্য 'বিশেষ কিছু'। রোববার (২৯ সেপ্টেম্বর) সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে দেওয়া এক পোস্টে ট্রাম্প লিখেছেন, "আমাদের সামনে মধ্যপ্রাচ্যে মহত্ত্ব অর্জনের একটি

৩-এর পৃষ্ঠা দেখুন

✨ জামান বস্ত্রালয় ✨
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার-কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044

## প্রযুক্তি

# নতুন না রিফারবিশড ফোন কিনছেন, বুঝবেন যেভাবে

সূর্যোদয় প্রতিবেদন

বর্তমান সময়ে নতুন ও রিফারবিশড ফোনের পার্থক্য ক্রমশ অস্পষ্ট হয়ে এসেছে। রিফারবিশড ফোনের মান এত উন্নত, যে অনেক সময় ক্রেতা বুঝতেই পারেন না ফোনটি নতুন না পুরোনো। কিছু অসৎ বিক্রেতা এই সুযোগে চোরাই বা পুরোনো ফোন নতুন বলে বিক্রি করছে। তাই ফোন কেনার আগে সতর্ক থাকা জরুরি। প্রথমে ফোনের বাহ্যিক অবস্থা খতিয়ে দেখুন। স্ক্র্যাচ, ডেন্ট বা ব্যবহারের চিহ্ন থাকলে বুঝবেন এটি নতুন নয়। অ্যাকসেসরিজ চার্জার, কেবল, ইয়ারফোন সব নতুন ও মোড়ানো কিনা দেখুন। প্যাকেজিংও পরীক্ষা করুন; বক্সের সিল অক্ষত কি না, কোনো দাগ বা ভাঁজ আছে কি না খেয়াল করুন। ফোনের আইএমইআই ও সিরিয়াল নম্বর যাচাই করা অপরিহার্য। অ্যান্ড্রয়েড ফোনে *#০৬# ডায়াল করে আইএমইআই নম্বর পান। আইফোনে সেটিংস > জেনারেল > অ্যাবাউট-এ



৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✓ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✓ এক্স-রে ✓ আল্ট্রাসনোগ্রাফি ✓ হরমন এনালাইসিস ✓ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✓ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✓ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ
এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেস্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
আসিফ প্লাজা (২য় ও ৩য় তলা), মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে, কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
উরোলজি বিশেষজ্ঞ
ডা. আ. ফ. ম. মুনতাহী রেজা
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি), এমএস (ইউরোলজি)
কিডনি, মূত্রথলী, মূত্রনালী, প্রোস্টেট, অণ্ডকোষ, পুরুষ প্রজননতন্ত্র ও ফিমেল ইউরোলজির রোগের বিশেষজ্ঞ চিকিৎসা ও সার্জারি।
রোগী দেখেন: শনিবার ও রবিবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
মেডিসিন বিশেষজ্ঞ
ডা. মো. আতিকুর রহমান
এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), এমআরসিপি (ইউকে, পার্ট-১), এফসিপিএস (মেডিসিন) শেষ পর্ব, সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
চিকিৎসা দিচ্ছেন: স্ট্রোক, হৃদরোগ, ডায়াবেটিস, বাতব্যথা, বক্ষব্যাধি, হাঁপানি, যক্ষা, লিভার ও রক্তের রোগ, মানসিক রোগ, কিডনি রোগ, গ্যাস্টিক, উচ্চ রক্তচাপ, জন্ডিস, ফ্যাটি লিভারসহ সব ধরনের মেডিসিন সমস্যায়।
রোগী দেখেন: প্রতি মঙ্গলবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
নিউরোসার্জন (মুজিবনগরে প্রথম)
ডা. মো. মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),এমএস রেসিডেন্ট, নিউরোসার্জারি (ব্রেইন, নার্ভ, স্পাইন, পেইন), স্পেশাল ট্রেনিং ইন পেইন ম্যানেজমেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতা|
ব্রেইন, নার্ভ ও স্পাইন সম্পর্কিত রোগ ও ব্যথার বিশেষজ্ঞ চিকিৎসা।
রোগী দেখেন: প্রতি শুক্রবার (দুপুর ২টা – সন্ধ্যা ৬টা পর্যন্ত)।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
সব ধরনের অপারেশন করা হয়: হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, অ্যাপেনডিক্স, অর্শ/পাইলস ইত্যাদি।
ডা. মাহাবুব আলম বিপ্লব(সহকারী অধ্যাপক) , ডা. হাসানুজ্জামান নুপুর (বিশেষজ্ঞ সার্জন), ডা. রিচার্ড সরেন (পি.জি.টি সার্জন)
আধুনিক সুবিধাসম্পন্ন কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব-এ অভিজ্ঞ বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে উন্নত চিকিৎসা সেবা পাওয়া যাচ্ছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, মঙ্গলবার, ৩০ সেপ্টেম্বর ২০২৫ ইং

## কবরস্থান দখলের অপচেষ্টা ও সামাজিক অবক্ষয়

মেহেরপুর সদর উপজেলার মনোহরপুর গ্রামে দীর্ঘদিনের একটি কবরস্থানের জায়গা দখলের অভিযোগ স্থানীয় বিএনপি নেতা শহিদুল মাস্টার ও তাঁর ছেলে সামসুল ইসলাম রাঙার বিরুদ্ধে উঠেছে। অভিযোগ অনুযায়ী, ১৯৭৫ সালে জমির মালিক মৃত জহুর হালসানা এই জমিটি কবরস্থানের নামে রেজিস্ট্রি করে দেন এবং পরবর্তীতে সরকারিভাবে আরএস রেকর্ডেও কবরস্থান হিসেবে স্বীকৃত হয়। এরপর কয়েক দশক ধরে গ্রামবাসী শান্তিপূর্ণভাবে এই কবরস্থানে দাফন কার্যক্রম চালিয়ে আসছেন। কবরস্থান কোনো ব্যক্তিগত সম্পত্তি নয় এটি গোটা সমাজের। মৃতের প্রতি সম্মান, ধর্মীয় অনুভূতি এবং সামাজিক দায়বদ্ধতার জায়গা থেকেই একটি কবরস্থানের পবিত্রতা রক্ষা করা জরুরি। অথচ অভিযোগ উঠেছে, সেখানে প্রভাব খাটিয়ে গাছপালা কেটে নেওয়া, বেড়া ভাঙা, এমনকি কমিটির সদস্যদের ওপর হামলার মতো ঘটনা ঘটছে। এ ধরনের কর্মকাণ্ড শুধু আইনবহির্ভূতই নয়, সামাজিক অশান্তি ও বিভেদের বীজও বপন করে। আরও উদ্বেগজনক বিষয় হলো, গ্রামবাসীর কাছে যথাযথ কাগজপত্র থাকলেও দখল প্রয়াসকারীরা সুনির্দিষ্ট প্রমাণ উপস্থাপন করতে পারেননি। বরং নানা হুমকি-ধমকি দিয়ে কবরস্থানের স্বাভাবিক কার্যক্রম ব্যাহত করছেন বলে অভিযোগ পাওয়া যাচ্ছে। কবরস্থানকে কেন্দ্র করে সহিংসতা সৃষ্টি করা এবং এটিকে ব্যক্তিগত সম্পত্তি দাবি করা সমাজে গভীর ক্ষোভ ও আতঙ্ক তৈরি করেছে। একটি কবরস্থান দখলের চেষ্টা কেবল আইনগত অপরাধ নয়, এটি মানবিকতা ও সামাজিক মূল্যবোধের ওপর আঘাত। প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর উচিত এ বিষয়ে দ্রুত ও নিরপেক্ষ তদন্ত করা। সেনাবাহিনী কিংবা অন্য কোনো বাহিনী হস্তক্ষেপ করুক বা না করুক, স্থানীয় প্রশাসনের দায় এড়ানোর সুযোগ নেই। আমরা মনে করি, সমাজের পবিত্র স্থানগুলো যেমন ইদগাহ, কবরস্থান কিংবা মসজিদএসব নিয়ে বিরোধ কিংবা দখলচেষ্টা কোনোভাবেই মেনে নেওয়া যায় না।

## জলাশয় ভরাটে হারাচ্ছে গ্রামীণ প্রকৃতি

সৈয়দ আনোয়ার



বাংলাদেশের গ্রামীণ জনপদের চিরায়ত সৌন্দর্যের অন্যতম অংশ ছিল নদী, খাল, বিল, ডোবা এবং পুকুর। এসব জলাশয়ের পাড় জুড়ে একসময় প্রাকৃতিকভাবে জন্মাতো নানা ধরনের ফলমূল, ঔষধি ও কাঠগাছ। সকালবেলায় পাখির কিচিরমিচির, দুপুরে গাছের ছায়া, সন্ধ্যায় জলের শো-শো শব্দ-সব মিলিয়ে গড়ে উঠেছিল এক অনন্য, জীববৈচিত্র্যময় পরিবেশ। কিন্তু আধুনিক নগরায়ণ ও পরিকল্পনাহীন উন্নয়নের কারণে গ্রামীণ এলাকায় দেখা যাচ্ছে এক ভিন্ন বাস্তবতা। যেসব খাল-বিল একসময় কৃষি ও মাছ চাষের জন্য অপরিহার্য ছিল, সেগুলো ভরাট করে তৈরি হচ্ছে বসতবাড়ি ও বাজার। জলাশয়ের ধারে থাকা গাছ কেটে ফেলা হচ্ছে নির্বিচারে। ফলে শুধু প্রাকৃতিক পরিবেশই ক্ষতিগ্রস্ত হচ্ছে না, গ্রামীণ জীবনের পুরনো সৌন্দর্যও হারিয়ে যাচ্ছে। পরিবেশবিদদের মতে, জলাশয় শুধু পানি ধরে রাখার জায়গা নয়; এগুলো গ্রামীণ জীবনের প্রাণকেন্দ্র। মাছ, পাখি, উভচর প্রাণী থেকে শুরু করে নানা ধরনের ঔষধি গাছের টিকে থাকার জন্যও জলাশয়ের গুরুত্ব অপরিসীম। বাংলাদেশ পরিবেশ আন্দোলন (বাপা)-এর সাধারণ সম্পাদক আলমগীর কবির বলেন,> "গ্রামীণ জলাশয়গুলোই ছিল জীববৈচিত্র্যের আঁতুড়ঘর। এগুলো হারিয়ে গেলে শুধু প্রকৃতিই নয়, কৃষি ও মানুষের জীবনও হুমকির মুখে পড়বে।" অন্যদিকে পরিবেশবাদী সংগঠন গ্রীন ভয়েস-এর কেন্দ্রীয় সহ-সমন্বয়ক হুমায়ুন কবির সুমন মনে করেন, পরিকল্পনাহীন উন্নয়নই এই ধ্বংসযজ্ঞের মূল কারণ। তাদের মতে, স্থানীয় জনগণকে সম্পৃক্ত না করলে জলাশয় ও সবুজ প্রকৃতি রক্ষা করা সম্ভব নয়। আইনগত দিক থেকেও পরিস্থিতি গুরুতর। প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন-২০০০ অনুযায়ী, নদী, খাল, বিল বা পুকুর ভরাট করা বেআইনি। কিন্তু বাস্তবে আইন প্রয়োগে দুর্বলতা এবং রাজনৈতিক প্রভাবের কারণে জলাশয় ভরাট অব্যাহত রয়েছে। বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্সের (বিআইপি) এক গবেষণায় বলা হয়েছে, ১৯৯৯ থেকে ২০১০ পর্যন্ত প্রতি বছর গড়ে ৫,৭৫৭ একর জলাভূমি ভরাট হয়েছে। তবে ইতিবাচক দিকও রয়েছে। বাপা, গ্রীন ভয়েসসহ একাধিক পরিবেশবাদী সংগঠন বহু বছর ধরে সচেতনতা বৃদ্ধির কার্যক্রম চালিয়ে আসছে। তারা নিয়মিত সেমিনার, মানববন্ধন ও প্রচারণার মাধ্যমে মানুষকে জলাশয় ও গাছ রক্ষার আহ্বান জানাচ্ছে। খাল-নদী ভরাট, অকাতরে বৃক্ষ নিধন ও মাঠ দখলের বিরুদ্ধে তাদের আন্দোলন ক্রমাগত চলছে। পরিবেশ বিশেষজ্ঞরা মনে করছেন, এখনই কার্যকর পদক্ষেপ না নিলে গ্রামীণ জীবনের প্রাণ ও প্রকৃতি চিরতরে হারিয়ে যাবে। এজন্য করণীয় হতে পারেঃ আইনের কঠোর প্রয়োগঃ জলাশয় ভরাট বন্ধে প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন-২০০০ এবং পরিবেশ সংরক্ষণ আইন-২০১০ অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহণ। এছাড়াও স্থানীয় জনগণের অংশগ্রহণঃ উন্নয়ন পরিকল্পনায় স্থানীয় জনগণকে সম্পৃক্ত করে জলাশয় রক্ষা নিশ্চিত করা। সচেতনতা বৃদ্ধিঃ জনগণকে জলাশয় ও গাছ রক্ষার গুরুত্ব সম্পর্কে সচেতন করা। বাংলাদেশের গ্রামীণ সৌন্দর্য ও জীববৈচিত্র্য রক্ষায় জলাশয় সংরক্ষণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। সরকারের পাশাপাশি জনগণের সচেতনতা ও অংশগ্রহণ ছাড়া এটি সম্ভব নয়।(সংবাদকর্মী, হোমনা, কুমিল্লা)

## পণ্যে ভেজাল রোধে ইসলাম

মুহাম্মদ আল আমিন

আল্লাহ তাআলা মানুষের জন্য হালাল খাদ্যকে বৈধ করেছেন। খাদ্য মানুষের দেহে শক্তি জোগায়, রোগ প্রতিরোধ করে এবং সুস্থ জীবন নিশ্চিত করে। কিন্তু দুঃখজনকভাবে আজকের সমাজে খাদ্যে ভেজাল এক মহামারি রূপ নিয়েছে। অধিক মুনাফার লোভে একশ্রেণির অসাধু ব্যবসায়ী খাদ্যে রঙ, ফরমালিন ও বিভিন্ন রাসায়নিক মেশায়। এতে জনস্বাস্থ্য হুমকির মুখে পড়ছে, মানুষ আক্রান্ত হচ্ছে ভয়াবহ রোগে। ইসলামের দৃষ্টিতে এ প্রতারণা ভয়ংকর অপরাধ। মহানবী (সা.) বলেছেন "সৎ ও আমানতদার ব্যবসায়ী কিয়ামতের দিন নবী, সিদ্দিক ও শহীদদের সঙ্গী হবেন।

" (তিরমিজি) আবার সতর্ক করেছেন " যে প্রতারণা করে, সে আমার উম্মত নয়।" কোরআনে স্পষ্ট ঘোষণা আছে, "যারা ওজনে কম দেয়, তাদের জন্য ধ্বংস।" (সুরা মুতাফ্‌ফিফিন: ১) আর যারা মিথ্যা শপথে পণ্য বিক্রি করে, তাদের আখেরাতে কোনো অংশ নেই। প্রকৃত মুসলমান কখনো ভেজাল, ধোঁকা বা অসাধুতার আশ্রয় নিতে পারে না। হাদিসে বলা হয়েছে, যে ব্যক্তি পণ্যের ত্রুটি গোপন করে বিক্রি করে, সে আল্লাহর গজবের মধ্যে থাকে এবং ফেরেশতারা তাকে অভিশাপ করে।

অতএব, সততা, সত্যবাদিতা ও বিশ্বস্ততার সঙ্গে ব্যবসা করা শুধু জীবিকা নয়, বরং ইবাদত। ভেজালের মাধ্যমে অর্থ উপার্জন বাহ্যত লাভজনক মনে হলেও তাতে বরকত নেই; বরং তা পরকালে কঠিন শাস্তির কারণ হবে।

## ধানখোলা ইউনিয়নে সার ডিলারদের

(প্রথম পৃষ্টার পর)

তিনি রাজনৈতিক প্রভাব খাটিয়ে হুমকি দেন এবং বিএনপির কেন্দ্রীয় নেতাদের নাম ব্যবহার করে ভয়ভীতি প্রদর্শন করেন। কৃষকরা আরও অভিযোগ করেন, প্রকৃত কৃষকদের কাছে সার না দিয়ে ইউনিয়নের বাইরে পাচার করা হচ্ছে এবং খুচরা বাজারে চড়া দামে বিক্রি করা হচ্ছে। এতে কৃষকরা ন্যায্য দামে সার থেকে বঞ্চিত হচ্ছেন। চাষাবাদের মৌসুমে সার না পেয়ে তারা পড়ছেন চরম আর্থিক চাপে। মানববন্ধনে বক্তারা বলেন, "এরা আসলে কৃষকবান্ধব কেউ নন, বরং রাজনৈতিক প্রভাব খাটিয়ে অবৈধ সুবিধাভোগী।" তাদের অনিয়ম-দুর্নীতি বন্ধে প্রশাসনের হস্তক্ষেপ জরুরি বলেও দাবি জানান কৃষকরা।

## গাংনীতে অ্যানথ্রাক্সের ছায়া

(প্রথম পৃষ্টার পর)

পরীক্ষা করে অ্যানথ্রাক্স ধরা পড়ে।" হাড়াভাঙ্গা গ্রামের মালেক মোল্লাও একই অভিজ্ঞতা শেয়ার করেছেন। গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিক্যাল অফিসার ডা. ফারুক হোসেন সতর্ক করেছেন, "গ্রাম্য চিকিৎসকের কাছে চিকিৎসা নিলে শরীরে ব্যাকটেরিয়ার স্পোর থেকে যায়, যা বিপজ্জনক। অ্যানথ্রাক্সের কোনো লক্ষণ দেখলেই হাসপাতালে আসা জরুরি।" গাংনী উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মোত্তালেব আলী জানান, "গবাদি পশুকে শতভাগ ভ্যাকসিনেশনের আওতায় আনা গেলে রোগের প্রাদুর্ভাব কমানো সম্ভব।" তবে তিনি স্বীকার করছেন জনবল সংকট রয়েছে। মেহেরপুর সিভিল সার্জন ডা. একেএম আবু সাঈদ বলেন, সামাজিক সচেতনতা বৃদ্ধির মাধ্যমে এবং স্বাস্থ্য বিভাগের সচেতনতা কার্যক্রম চালু রেখে রোগ নিয়ন্ত্রণ করা সম্ভব। গত ৮ মাসে মেহেরপুর জেলায় ৪৬৪ জন অ্যানথ্রাক্সে আক্রান্ত হয়েছেন। বিষয়টি শুধুই স্বাস্থ্য ঝুঁকি নয়, এটি মানব জীবনের জন্যও বড় হুমকি হিসেবে দেখা দিয়েছে।

## সেই লোগো সরিয়েছে জামায়াত

(প্রথম পৃষ্টার পর)

হালিম। তিনি বলেন, লোগো নিয়ে এখনো আলোচনা চলছে। চূড়ান্ত হলে অফিসিয়ালি লোগো প্রকাশ করা হবে। জামায়াতের কেন্দ্রীয় প্রচার ও মিডিয়া বিভাগের প্রধান এহসানুল মাহবুব জোবায়ের বলেন, গতকালেরটা চূড়ান্ত ছিল না। কিছুদিনের মধ্যে নতুন লোগো উন্মোচন হবে।

## মেহেরপুরে মহাসপ্তমীর পূজা

(প্রথম পৃষ্টার পর)

মন্দির, শ্রী শ্রী হরিভক্তি প্রদায়ীনি পূজা মন্দির, বকুলতলা পূজা মন্দির, শ্রী শ্রী হরিজন বালক মন্দিরসহ মেহেরপুর জেলার সব মন্দিরেই সকাল থেকেসকাল থেকেই শুরু হয়েছে সপ্তমী পূজার আনুষ্ঠানিকতা। গতকাল সোমবার সকাল থেকে চণ্ডী পাঠ, মন্ত্রোচ্চারণ, দেবী দর্শন, ভক্তদের অঞ্জলি প্রদান ও প্রসাদ গ্রহণের মধ্য দিয়ে দিনব্যাপী চলবে পূজার নানা আচার-অনুষ্ঠান। শাস্ত্র অনুযায়ী, মহাসপ্তমীর অন্যতম প্রধান আচার নবপত্রিকা স্থাপনের আচার শুরু হয় সকালে। 'নবপত্রিকা' অর্থাৎ নয়টি উদ্ভিদের সমন্বয়ে গঠিত এই প্রতীকী উপাসনায় কলাগাছসহ কচু, হলুদ, জয়ন্তী, বেল, দাড়িম, অশোক, মান ও ধানের পাতা একত্র করে সাদা লালপাড় শাড়ি পরিয়ে বধূর রূপ দেওয়া হয়। এরপর সিঁদুর পরিয়ে দেবীর ডান পাশে স্থাপন করে পূজা করা হয়। প্রচলিত ভাষায় নবপত্রিকাকে বলা হয় 'কলাবউ'। এই নয়টি উদ্ভিদকে দেবী দুর্গার নয়টি রূপের প্রতীক হিসেবে পূজা করা হয় 'নবপত্রিকাবাসিনী নবদুর্গা' নামে। নবপত্রিকা প্রবেশের পর দর্পণে দেবীর প্রতিফলিত প্রতিবিম্বকে মহাস্নান করানো হয়, যা সপ্তমী পূজার আরেকটি গুরুত্বপূর্ণ অংশ। আজ মঙ্গলবার (৩০ সেপ্টেম্বর) উদযাপিত হবে মহাষ্টমী। রাজধানীর রামকৃষ্ণ মিশনে অনুষ্ঠিত হবে কুমারী পূজা, যা অষ্টমী পূজার মূল আকর্ষণ। এদিন ফুল, জল, বেলপাতা, ধূপ-দীপসহ ষোড়শ উপচারে কুমারীরূপে দেবী দুর্গার আরাধনা করা হবে।

## মেহেরপুরে স্বামী স্ত্রীর কারাদন্ড

(প্রথম পৃষ্টার পর)

মহিরুদ্দিন ও তার মেয়ে রঙ্গিলা খাতুনকে গালাগালি করে। তারা প্রতিবাদ করলে আসামী ছাবের আলী ধারালো রামদা দিয়ে মহিরুদ্দিনের মাথায় কোপ মেরে তাকে রক্তাক্ত জখম করে। এ সময় তার মেয়ে রঙ্গিলা খাতুন পিতাকে রক্ষা করতে আসলে তাকেও ধারালো অস্ত্র দিয়ে আঘাত করে রক্তাক্ত জখম করে। এ ঘটনায় রঙ্গিলা খাতুনের স্বামী বাদী হয়ে গাংনী থানায় একটি মামলা দায়ের করেন। মামলা নম্বর জি.আর-৬১/১৮ (গাংনী)। মামলায় সাক্ষীদের সাক্ষগ্রহন শেষে আসামিরা দোষি প্রমানিত হওয়ায় আদালত এ রায় দেন।

## গাংনীতে মহিলা দলের কর্মীসভা

(প্রথম পৃষ্টার পর)

নেতাকর্মীরা ঐক্যবদ্ধ হয়ে আন্দোলনে অংশগ্রহণ করুন। নারী নেত্রীবৃন্দ গ্রামে-গ্রামে গিয়ে সংগঠন শক্তিশালী করলে আন্দোলন আরও গতিশীল হবে।" সভায় সভাপতিত্ব করেন মহিলা দল গাংনী উপজেলা শাখার সভাপতি ফরিদা পারভীন। পরিচালনা করেন সাধারণ সম্পাদক খালেদা ইয়াসমিন। বক্তব্য রাখেন উপজেলা বিএনপির সভাপতি আলফাজ উদ্দিন কালু, জেলা সাংগঠনিক সম্পাদক আখেরুজ্জামান, উপজেলা সাংগঠনিক সম্পাদক আব্দাল হক ও জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউসার আলী।

বক্তারা সরকারের অন্যায়, দুর্নীতি ও দমননীতির বিরুদ্ধে নারীদের সক্রিয় ভূমিকার ওপর গুরুত্ব আরোপ করেন। শতাধিক নেতাকর্মী সভায় অংশগ্রহণ করেন। আয়োজকরা জানান, নিয়মিত কর্মীসভা তৃণমূল পর্যায়ে দলকে আরও শক্তিশালী করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

## চুয়াডাঙ্গায় হাজতির মৃত্যু

(প্রথম পৃষ্টার পর)

হিসেবে আটক ছিলেন। রাত সাড়ে তিনটার দিকে তিনি হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। তাকে দ্রুত চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়া হলে সেখানে পরীক্ষা নিরীক্ষার পর হাসপাতালে ভর্তি করা হয়। হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ভোর পৌনে ৫টার দিকে মারা যান মিলন হোসেন। তিনি স্ট্রোক করেছেন বলে হাসপাতালের চিকিৎসক জানিয়েছেন।

## ইসির পর্যবেক্ষক সংস্থার ঠিকানায়

(প্রথম পৃষ্টার পর)

কোথাও চামুদি দোকান, আবার কোথাও নির্জন বাড়িঘর। অনেক সংস্থার অফিস পুরোপুরিই অস্তিত্বহীন। যশোরের মনিরামপুর উপজেলার দিঘিরপাড় বাজারে গিয়ে দেখা যায়, জঙ্গলে ঘেরা একটি পরিত্যক্ত ভবনে কাগজে-কলমে কার্যক্রম চালাচ্ছে সার্ভিসেস ফর ইকুয়িটি অ্যান্ড ইকোনমিক ডেভেলপমেন্ট (সীড)। ভবনটির কোনো দরজাজানালা নেই, ভেতরে ভাঙাচোরা চেয়ারটেবিল আর জমে থাকা পানিতে কীটপতঙ্গের উৎপাত। অথচ ইসির নথিতে এটিই সংস্থাটির প্রধান কার্যালয়। রাজধানীর মিরপুর, মোহাম্মদপুর ও আগারগাঁও এলাকার বেশ কয়েকটি ঠিকানায় গিয়ে দেখা গেছে, সেখানে নেই ইসির তালিকাভুক্ত সংস্থাগুলোর অস্তিত্ব। বাসাবো জনকল্যাণ সংস্থা (বিজেএস)এর কার্যালয় দেখানো হয়েছে আগারগাঁওয়ের এক নির্মাণাধীন ভবনে। ভবনের ম্যানেজার জানালেন, সেখানে কখনো কোনো অফিস হয়নি। বিয়ান মনি সোসাইটি (বিএমএস)এর ঠিকানায় গিয়ে পাওয়া গেল শুধু আবাসিক ভবন। ফার্মগেটের ডাক্তারবাড়ি সোশ্যাল ওয়েলফেয়ার ফাউন্ডেশন নামের সংস্থার অফিসে কেবল ব্যানার ঝুলছে। ভেতরে পাওয়া গেছে একটি 'লিগ্যাল কাউন্সিল' অফিস আর কোচিং সেন্টার। ঢাকার ধামরাইয়ের বাসনা গ্রামে গিয়ে দেখা গেছে, ইয়ুথ ইনিশিয়েটিভ ফর সোসিও ইকোনমিক অ্যাকটিভিটি (ইসিয়া) নামের সংস্থার ঠিকানায় বর্তমানে চলছে মুদি ও চায়ের দোকান। নাটোরের বড়াইগ্রামে আবাস নামের সংস্থার কার্যালয়ে গিয়ে দেখা যায়, ভাঙাচোরা কক্ষে ঝুলছে সাইনবোর্ড, ভেতরে আশ্রয় নিয়েছে পশু-পাখি। পাশের আরেক সংস্থা সাথী চলছে সাধারণ সম্পাদকের নিজ বাড়িতে। যশোরের দিশা সমাজকল্যাণ সংস্থার বিরুদ্ধে রয়েছে কোটি টাকার প্রকল্প জালিয়াতির অভিযোগ। নরসিংদীর অগ্রগতি সেবা সংস্থা (অসেস)এর নির্বাহী পরিচালক সাবেক ছাত্রদল নেতা, কিশোরগঞ্জের র‍্যাকুবাংলাদেশ পরিচালনা করছেন বিএনপিজামায়াত নেতার ভাই। ঝিনাইদহে প্রাথমিকভাবে অনুমোদন পাওয়া তিনটি সংস্থার কোনো কার্যক্রম নেই। জয়পুরহাটের মানব সহায়ক কেন্দ্র বছরের পর বছর তালাবদ্ধ। ঝালকাঠির হিলফুল ফুজুল সমাজকল্যাণ সংস্থা কাগজে এক ঠিকানা দিলেও কার্যক্রম চলছে অন্যত্র। ইসির শর্ত অনুযায়ী, অন্তত দুই বছরের বার্ষিক প্রতিবেদন জমা দিতে হয় নিবন্ধনের জন্য। কিন্তু অনেক সংস্থা প্রতিষ্ঠিত হয়েছে মাত্র এক বছর আগে, আবার কিছু সংস্থা দীর্ঘদিন নিষ্ক্রিয় থেকেও তালিকাভুক্ত হয়েছে। এমনকি একাধিক সংস্থার নেতৃত্বে রয়েছেন সাবেক সংসদ সদস্য বা রাজনৈতিক দলের নেতারা, যদিও নিবন্ধনের শর্তে রাজনৈতিক সংশ্লিষ্টতা স্পষ্ট অযোগ্যতা। গত জুলাইয়ে ইসি বিতর্কিত ৯৬টি পর্যবেক্ষক সংস্থার নিবন্ধন বাতিল করেছিল। কিন্তু নতুন তালিকায়ও জায়গা পেয়েছে নামসর্বস্ব, কাগুজে আর রাজনৈতিকভাবে সংশ্লিষ্ট বহু প্রতিষ্ঠান। গণবিজ্ঞপ্তি অনুযায়ী, এসব নিয়ে আপত্তি জানাতে হবে ২০ অক্টোবরের মধ্যে। এরপর শুনানি শেষে চূড়ান্ত নিবন্ধন দেওয়া হবে।

## প্রতিবেশী দেশের ইন্ধনে

(প্রথম পৃষ্টার পর)

করেন। স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, "আমাদের দেশে সনাতন ধর্মাবলম্বীদের একটি বড় উৎসব চলছে। এই উৎসব যেন শান্তিপূর্ণভাবে, ধর্মীয় উদ্দীপনা ও উৎসবমুখর পরিবেশে সম্পন্ন হয়, সেই প্রস্তুতি আমাদের ছিল। কিন্তু একটি মহল চেষ্টা করছে যাতে সেটা ব্যাহত হয়। খাগড়াছড়িতে ঘটনাও সেই প্রক্রিয়ার অংশ।" খাগড়াছড়িতে তিনজন নিহত ও আইনশৃঙ্খলা বাহিনীর সদস্য আহত হওয়ার প্রসঙ্গে তিনি বলেন, "ভারতের ইন্ধনে বা ফ্যাসিস্টদের প্ররোচনায় এ ঘটনা ঘটানো হয়েছে। তবে কাউকে আমরা সফল হতে দেব না। পার্বত্য চট্টগ্রামবিষয়ক উপদেষ্টা সেখানে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে স্থানীয় নেতৃবৃন্দ ও আইনশৃঙ্খলা বাহিনীর সঙ্গে সমন্বয় করছেন।" তিনি জানান, পরিস্থিতি এখন মোটামুটি নিয়ন্ত্রণে আছে। এসময় তিনি পাহাড়ি সন্ত্রাসীদের দিকেও ইঙ্গিত করেন। "কিছু সন্ত্রাসী পাহাড়ের ওপর থেকে গুলি চালিয়েছে। এসব অস্ত্র অনেক সময় বাইরে থেকে আসে। আমি দেশের নাম বলতে চাই না, তবে আপনারা অনুমান করতে পারছেন। এসব প্রতিরোধে সবার সহযোগিতা দরকার," বলেন তিনি। এদিকে খাগড়াছড়িতে ১৪৪ ধারা জারি থাকার মধ্যেই সহিংসতায় তিনজন নিহত হন। তবে আটকে পড়া পর্যটকদের অধিকাংশকে নিরাপদে ফিরিয়ে আনা সম্ভব হয়েছে বলে স্বরাষ্ট্র উপদেষ্টা জানান। তিনি সবার প্রতি আহ্বান জানিয়ে বলেন, "উৎসব চলাকালে কেউ যেন কোনো বিশৃঙ্খলা সৃষ্টি না করে, রাস্তা-ঘাট বন্ধ না করে এবং পূজা নির্বিঘ্নে সম্পন্ন হতে পারেড় এজন্য সবাইকে সহযোগিতা করতে হবে।"

## মেহেরপুরে বিএনপির গণসংযোগ

(প্রথম পৃষ্টার পর)

রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট বিতরণ করেন এবং মতবিনিময় করেন। গণসংযোগকালে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাবেক আহ্বায়ক কমিটির সদস্য আলমগীর খান ছাতু, সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপির সভাপতি অধ্যাপক ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, পৌর বিএনপির সভাপতি লতিফ বিশ্বাস, পিরোজপুর ইউনিয়ন বিএনপির সভাপতি আতিয়ার রহমান ও সাধারণ সম্পাদক মিন্টু আলী প্রমুখ। এছাড়া যুবদল, ছাত্রদলসহ সহযোগী সংগঠনের নেতাকর্মীরাও গণসংযোগে অংশ নেন।

## মেহেরপুরে জামায়াতের গণসংযোগ

(প্রথম পৃষ্টার পর)

রানা, উপজেলা সেক্রেটারি ও আমঝুপি ইউপি চেয়ারম্যান পদপ্রার্থী জাব্বারুল ইসলাম মাস্টার, শ্যামপুর ইউনিয়ন আমির মাওলানা মফিদুল ইসলাম, সেক্রেটারি মকলেছুর রহমান, স্থানীয় ওয়ার্ড সভাপতি সাইদুল ইসলাম মাওলানা প্রমুখ। গণসংযোগে বক্তারা আসন্ন জাতীয় নির্বাচনে জনসম্পৃক্ততা বাড়ানো এবং দলীয় প্রার্থীর পক্ষে সর্বাত্মক সমর্থন প্রদানের আহ্বান জানান।

## চেতনা বিক্রির অপশক্তির বিরুদ্ধে

(প্রথম পৃষ্টার পর)

মাসুদ অরুণ আওয়ামী লীগ সরকারের কঠোর সমালোচনা করে বলেন, "আওয়ামী লীগ গত ১৭ বছর মুক্তিযোদ্ধার চেতনা বিক্রি করেছে। আবার কেউ জুলাই অভ্যুত্থানের চেতনা, কেউ ধর্মের নামে ব্যবসা করে মানুষকে বিভ্রান্ত করতে চাইছে। এসব অপশক্তি থেকে আমাদের সজাগ থাকতে হবে।" তিনি আরও বলেন, তারেক রহমান ঘোষিত ৩১ দফা কর্মসূচি দেশের মানুষকে নতুন বাংলাদেশ গড়ার দিকনির্দেশনা দেবে। এ কর্মসূচি ঘরে ঘরে পৌঁছে দিতে দলীয় নেতাকর্মীদের আহ্বান জানান তিনি। তিনি বলেন "আমি বিশ্বাস করি এই মেহেরপুরের মানুষ যে নেতৃত্বের পেছনে, যে কর্মীর পেছনে সমর্থন দেবে ঢাকার নেতারা তাকেই ধানের শিষের মনোনয়ন দেবে।" মাসুদ অরুণ বলেন, "মানুষ মেহেরপুরে ভোট দেবে, আর নেতা হবে ঢাকায় এটি আর হতে দেওয়া হবে না। ভোটের অধিকার প্রতিষ্ঠায় বিএনপি গত ১৭ বছর সংগ্রাম করেছে, প্রয়োজনে আবারও করবে। দেশ শহীদ জিয়া পরিবারের হাতে নিরাপদ।" এর আগে শোলমারি বাজার থেকে মাসুদ অরুণের নেতৃত্বে একটি বর্ণাঢ্য মিছিল বের হয়ে গ্রামের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে পুনরায় বাজারে এসে সমাপ্ত হয়। পথসভায় জেলা বিএনপির যুগ্ম সম্পাদক জাহাঙ্গীর বিশ্বাস, সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, কুতুবপুর ইউনিয়ন যুবদলের সভাপতি শামীম হোসেন ও জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজি বক্তব্য দেন। এছাড়া বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতা-কর্মীরাও অংশ নেন।

## গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের পুরস্কার

(প্রথম পৃষ্টার পর)

টোকন। এ সময় আশরাফপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক তাজউদ্দীন, প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইয়াস নবী, শাহাবুদ্দিন আহমেদ, জামায়াতে ইসলামী নেতা নজরুল ইসলাম, ইউপি সদস্য কাওসার আলীসহ স্থানীয় গণ্যমান্যরা বক্তব্য দেন। অনুষ্ঠানে ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডের জনপ্রতিনিধি, শিক্ষক, শিক্ষার্থীসহ বিপুলসংখ্যক মানুষ উপস্থিত ছিলেন।

## স্বর্ণের বারসহ নারী পাচারকারী আটক

(প্রথম পৃষ্টার পর)

নাজমুল হাসান জানান, গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা সীমান্তের কামারপাড়া গ্রাম থেকে আসমাকে আটক করে বিজিবি। পরে বিজিবির নারী সদস্যরা তার ভ্যানেটিব্যাগ তল্লাশী করে তিন পিচ স্বর্ণ উদ্ধার করে। এ ঘটনায় দর্শনা থানা মামলা দায়ের করা হয়েছে। আটক আসমা কামারপাড়া গামের ওয়াসিমের স্ত্রী। তিনি আরো জানান, উদ্ধারকৃত স্বর্ণবারের মোট ওজন ৩৫৪ গ্রাম, যার বাজারমূল্য প্রায় ৫৮ লাখ ৫৮ হাজার ৭৫৬ টাকা। নায়েব সুবেদার মো. এনামুল হক বাদী হয়ে দর্শনা থানায় মামলা দায়ের প্রক্রিয়া শুরু করেছেন। আটককৃত নারীকে থানায় হস্তান্তর এবং জব্দ স্বর্ণ চুয়াডাঙ্গা ট্রেজারিতে জমা দেওয়ার কাজ চলছে।

## মির্জা ফখরুল

(প্রথম পৃষ্টার পর)

গণঅভ্যুত্থানের পর সৃষ্ট রাজনৈতিক শূন্যতায় দলগুলো ও শিক্ষার্থীরা মিলে যে দায়িত্ব তাঁর কাঁধে দিয়েছিল, তিনি সেই দায়িত্ব পালনের চিত্র তুলে ধরেছেন।" বিএনপি মহাসচিব জানান, দেশের অর্থনীতি ও রাজনীতি ভয়াবহ সংকটে থাকলেও এক বছরের ব্যবধানে সরকার আপেক্ষিকভাবে উন্নতি ঘটিয়েছেড়এ বিষয়গুলোও প্রধান উপদেষ্টার বক্তব্যে উঠে এসেছে। "ড. ইউনূস ব্যাখ্যা করেছেন কীভাবে সরকার কাজ শুরু করেছে, অর্থনীতিকে পুনরুজ্জীবিত করেছে এবং দীর্ঘদিনের রাজনৈতিক সংস্কারের দাবিকে মোকাবিলা করেছে," বলেন তিনি। বিএনপি নেতার দাবি, দলটি বরাবরই কাঠামোগত ও রাজনৈতিক সংস্কারের প্রস্তাব দিয়ে আসছে। খালেদা জিয়ার ২০১৬ সালের ভিশন ২০৩০ এবং তারেক রহমানের ঘোষিত ৩১ দফা কর্মসূচির মাধ্যমে এই সংস্কারের রূপরেখা আগেই দেওয়া হয়েছিল। প্রধান উপদেষ্টার অন্তর্ভুক্তিমূলক দৃষ্টিভঙ্গির প্রশংসা করে মির্জা ফখরুল বলেন, "ইতিহাসে প্রথমবার বিরোধী রাজনৈতিক দলগুলোকে সরকারের কাজে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং জাতিসংঘের মঞ্চেও তাদের সঙ্গে নেওয়া হয়েছে। এর মাধ্যমে জাতির ঐক্য প্রদর্শন করা হয়েছে।" তিনি আরও জানান, এই উদ্যোগকে বিএনপি ও তারেক রহমান পূর্ণ সমর্থন দিয়েছেন। অনুপাতিক প্রতিনিধিত্ব (পিআর) পদ্ধতিতে নির্বাচনের দাবিতে জামায়াতে ইসলামী আন্দোলনের প্রসঙ্গ টেনে মির্জা ফখরুল বলেন, "বিএনপি নিম্নকক্ষে পিআরের পক্ষে নয়, এমনকি উচ্চকক্ষেও আমরা এর পক্ষে কথা বলিনি। তবে এ ধরনের বিষয়গুলো আলোচনার মাধ্যমেই পরবর্তী সময়ে সমাধান করা সম্ভব।"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
মেহেরপুর সদর মেহেরপুর।

স্মারক নং -উমাশিঅ/মেহের/ম্যাঃকঃ-৪৫(৩)২০২৫/১৯০

চাঁদবিল, মায়ামারি, কোলা ( সি,এম,সি) মাধ্যমিক বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের তফসিল ঘোষণা

সুত্র ০৫.৪৪.৫৭৪৭.০০০.৬৪.২৭৭.২৫-১৪৮৫

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চাঁদবিল, মায়ামারি, কোলা ( সি,এম,সি) মাধ্যমিক বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের তফসিল নিম্নে প্রদান করা হলোঃ

১। মনোনয়নপত্র গ্রহণ ও জমাদানঃ ৫, ৬ ও ৭ অক্টোবর /২০২৫ (সকাল ১০ঃ০০ থেকে বিকাল ৪ঃ০০ টা পর্যন্ত)
* মনোনয়ন প্রাপ্তির স্থানঃ প্রধান শিক্ষক চাঁদবিল, মায়ামারি, কোলা ( সি,এম,সি) মাধ্যমিক বিদ্যালয়ের কার্যালয়।
* মনোনয়ন জমদানের স্থানঃ প্রধান শিক্ষক, চাঁদবিল, মায়ামারি, কোলা ( সি,এম,সি) মাধ্যমিক বিদ্যালয়ের কার্যালয়।

২। মনোনয়নপত্র বাছায়ঃ ৯/১০/২০২৫ (বিকাল ৪ টা)
* স্থানঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মেহেরপুর সদর, মেহেরপুর।

৩। মনোনয়নপত্র প্রত্যাহারঃ ১১/১০/২০২৫। (বিকাল ৪টার মধ্যে)
স্থানঃ চাঁদবিল, মায়ামারি, কোলা ( সি,এম,সি) মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট।

৪। নির্বাচনঃ ২২/১০/২০২৫ (সকাল ১০টা থেকে বিরতিহীন ভাবে বিকাল ৪ টা পর্যন্ত)।
* স্থানঃ চাঁদবিল, মায়ামারি, কোলা ( সি,এম,সি) মাধ্যমিক বিদ্যালয়ের প্রাঙ্গন।

**মোঃ মনিরুল ইসলাম**
**উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার**
**মেহেরপুর সদর**
**ও**
**প্রিজাইডিং অফিসার**
**ম্যানেজিং কমিটির নির্বাচন- ২০২৫।**
**চাঁদবিল, মায়ামারি, কোলা ( সি,এম,সি) মাধ্যমিক বিদ্যালয়।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
মেহেরপুর সদর মেহেরপুর।

স্মারক নং -উমাশিঅ/মেহের/ম্যা:কঃ-৪৫(৩)২০২৫/১৮৬

ভৈরব মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের জন্য তফসিল ঘোষণা সংক্রান্ত।

সুত্র ০৫.৪৪.৫৭৪৭.০০০.৬৪.২৭৭.২৫-১৪৫৯

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ভৈরব মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের তফসিল নিম্নে প্রদান করা হলো।

১। মনোনয়নপত্র গ্রহণ ও জমাদানঃ ৪,৫ ও ৬ অক্টোবর /২০২৫ (সকাল দশটা থেকে বিকাল ৪ঃ০০ টা পর্যন্ত)
* মনোনয়ন প্রাপ্তির স্থানঃ প্রধান শিক্ষক, ভৈরব মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের কার্যালয়।
* মনোনয়ন জমদানের স্থানঃ প্রধান শিক্ষক, ভৈরব মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের কার্যালয়।

২। মনোনয়নপত্র বাছায়ঃ ০৯/১০/২০২৫ (বিকাল ৪ টা)
* স্থানঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মেহেরপুর সদর মেহেরপুর।

৩। মনোনয়নপত্র প্রত্যাহারঃ ১২/১০/২০২৫। (বিকাল ৪টার মধ্যে)
স্থানঃ ভৈরব মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট।

৪। নির্বাচনঃ ২৩/১০/২০২৫ (সকাল ১০টা থেকে বিরতিহীন ভাবে বিকাল ৪ টা পর্যন্ত)।
* স্থানঃ ভৈরব মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রাঙ্গন।

**মোঃ মনিরুজ্জামান।**
**উপজেলা একাডেমিক সুপারভাইজার**
**উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস**
**মেহেরপুর সদর**
**ও**
**প্রিজাইডিং অফিসার**
**ম্যানেজিং কমিটির নির্বাচন- ২০২৫।**
**ভৈরব মাধ্যমিক বালিকা বিদ্যালয়।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
মেহেরপুর সদর, মেহেরপুর।

স্মারক নং- উমাশিঅ/মেহের/ম্যাক:- ৪৫(৩)/২০১৫/১৮৩ তারিখ : ২৯/০৯/২০২৫খ্রি.

সাহেবপুর মাধ্যমিক বিদ্যালয় এর নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের জন্য তফসীল

সুত্র:০৫.৪৪.৫৭৮৭.০০০.৬৪.২৭৭.২৫-১৪২৭ তারিখ: ১৭/০৯/২০২৫ খ্রি.

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সাহেবপুর মাধ্যমিক বিদ্যালয় এর নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের তফসীল নিম্নে প্রদান করা হলো।

০১। মনোনয়ন পত্র গ্রহণ ও জমাদান : ১৪, ১৫ ও ১৬ অক্টোম্বর/২০২৫ (সকাল ১০.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত )
* মনোনয়ন পত্র প্রাপ্তি স্থান : প্রধান শিক্ষক, সাহেবপুর মাধ্যমিক বিদ্যালয় এর কার্যালয়।
মনোনয়ন পত্র জমাদানের স্থান : প্রধান শিক্ষক, সাহেবপুর মাধ্যমিক বিদ্যালয় এর কার্যালয় ।

০২। মনোনয়ন পত্র বাছাই: ১৯/১০/২০২৫ খ্রি. (বিকাল ৪.০০ টা)।
* স্থান : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মেহেরপুর সদর, মেহেরপুর।

০৩। মনোনয়ন পত্র প্রত্যাহার ঃ ২১/১০/২০২৫ খ্রি. বিকাল ৪.০০ টার মধ্যে।
* স্থান : সাহেবপুর মাধ্যমিক বিদ্যালয় এর প্রধান শিক্ষকের নিকট।

০৪। নির্বাচন : ০১/১১/২০২৫ খ্রি. (সকাল ১০.০০ টা থেকে বিরতিহীন ভাবে বিকাল ৪.০০ টা পর্যন্ত )
* স্থান সাহেবপুর মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গন।

**(মোঃ মনিরুল ইসলাম)**
**উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার**
**মেহেরপুর সদর, মেহেরপুর**
**ও প্রিজাইডিং অফিসার**
**ম্যানেজিং কমিটি নির্বাচন/২০২৫**
**সাহেবপুর মাধ্যমিক বিদ্যালয় ।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
মেহেরপুর সদর, মেহেরপুর।

স্মারক নং -উমাশিঅ/মেহের/ম্যাঃকঃ-৪৫(৩)২০২৫/১৮৯

শালিকা মাধ্যমিক বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের জন্য তফসিল ঘোষণা সংক্রান্ত।

সুত্র ০৫.৪৪.৫৭৪৭.০০০.৬৪.২৭৭.২৫-১৪৭২

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শালিকা মাধ্যমিক বিদ্যালয়ের নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের তফসিল নিম্নে প্রদান করা হলো।

১। মনোনয়নপত্র গ্রহণ ও জমাদানঃ ৫, ৬ ও ৭ অক্টোবর /২০২৫ (সকাল ১০ঃ০০ থেকে বিকাল ৪ঃ০০ টা পর্যন্ত)
* মনোনয়ন প্রাপ্তির স্থানঃ প্রধান শিক্ষক, শালিকা মাধ্যমিক বিদ্যালয়ের কার্যালয়।
* মনোনয়ন জমদানের স্থানঃ প্রধান শিক্ষক, শালিকা মাধ্যমিক বিদ্যালয়ের কার্যালয়।

২। মনোনয়নপত্র বাছায়ঃ ৯/১০/২০২৫ (বিকাল ৪ টা)
* স্থানঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মেহেরপুর সদর মেহেরপুর।

৩। মনোনয়নপত্র প্রত্যাহারঃ ১২/১০/২০২৫। (বিকাল ৪টা)
স্থানঃ শালিকা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট।

৪। নির্বাচনঃ ২৩/১০/২০২৫ (সকাল ১০টা থেকে বিরতিহীন ভাবে বিকাল ৪ টা পর্যন্ত)।
স্থানঃ শালিকা মাধ্যমিক বিদ্যালয়ের প্রাঙ্গন।

মোঃ মনিরুল ইসলাম
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
মেহেরপুর সদর
ও
প্রিজাইডিং অফিসার
ম্যানেজিং কমিটির নির্বাচন- ২০২৫
শালিকা মাধ্যমিক বিদ্যালয়।